# পরিণতি

সোনালি, রঙিন কিম্বা নীল, কতো রঙে সেজে থাকে আকাশ
চোখে পড়ত আগে - এখন পাইনে অবকাশ
এতো কাজ, ব্যস্ততা - কেবল দু মুঠো অন্নের আশ
এইটুকু মেটাতে এতো কলরব হয়তো কারো বা হবে না বিশ্বাস!

কৈশোরের সেইসব স্বপ্নময় আকাঙ্ক্ষার অসংখ্য পথ অনেক গেছি ভুলে
মনই কখন কতো আকুলতায়, অবশেষে অপারগতায় কতো তৃষ্ণা এসেছে ফেলে!
জীবনের জটিলতায়, না-চাওয়া সমস্যায়, নানা আবশ্যক বা অনাবশ্যকের সঙ্গে মিলে
শরীর বর্তমানের কর্মব্যস্ততায় শ্রান্ততর মনে ভবিষ্যতে এগিয়ে গেছে চ'লে।

আশ্চর্য, এমন প্রায় সবারই জীবন ধায়
আরোপিত কিম্বা নিজকৃত কর্মব্যস্ততায়
এখনো পাখীরা খুশিতে গান গায়
ফুল ফুটে সেজে থাকে আমাদের প্রতীক্ষায়!

জীবন সময়ের হাত ধরে এগোয় - ইচ্ছায় বা অনিচ্ছায়
আমরাই স্থির করি কোন পথ নো'ব, অথবা বাধ্য হই, তাঁর অভিপ্রায়।
তারপর ক্রমশঃ সব একঘেয়ে হয়ে যায় যখন মন হয় নিরূপায়-
বুদ্ধি অকেজো হয়ে জিজ্ঞাসা ভুলে যায়!

কি করে দু'বেলা জোটে দু-মুঠো অন্ন
দেহ সচল থাকে, মন সুপ্রসন্ন,
দিন রাত ছুটে বেড়াই ওই টুকুর জন্য-
প্রকৃতি, আকাশ কিম্বা পাখীর গান হয়ে যায় অচেনা পণ্য!